# 292473 - হে রমযান! আমাদের জন্য তোমার প্রভুর কাছে সুপারিশ কর এমন কথা বলার হুকুম কি?

## প্রশ্ন

আমাদের ইমাম রমযান মাসে কুরআন খতম করার সময় কিছু অপরিচিত দোয়া করেন। যেমন তিনি বলেন: হে রমযান! আমাদের জন্য তোমার প্রভুর কাছে সাক্ষী দিও। আমার প্রবল ধারণা হয় যে, তিনি বলছেন: আমাদের জন্য সুপারিশ করিও কিংবা আমাদেরকে রাইয়ান দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করিও কিংবা এ ধরণের অর্থবোধক অন্য দোয়া। এ ধরণের কথা কি শির্কের পর্যায়ে পড়বে? উল্লেখ্য, আমার প্রবল ধারণা হয় কিংবা প্রায় নিশ্চিত যে, ইমাম সাহেব জানেন যে, রমযান আমাদেরকে জান্নাতে প্রবেশ করাবে না কিংবা আল্লাহ্‌র অনুমতি ছাড়া তার কাছে সুপারিশ করবে না। সুতরাং এর হুকুম কি হবে? অনুরূপভাবে যে ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ডাকে এবং তাঁর কাছে সুপারিশ প্রার্থনা করে। তবে সে ব্যক্তি জানে যে, আল্লাহ্‌র অনুমতি ছাড়া কেউ তার জন্য সুপারিশ করবে না কিংবা তাকে জান্নাতে প্রবেশ করাবে না। এটি কি শির্ক হিসেবে গণ্য হবে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

দুনিয়াতে কোন মৃতব্যক্তি কিংবা কোন অনুপস্থিত ব্যক্তির কাছে শাফায়াত চাওয়া জায়েয নয়। এমন কি যদি এটি সাব্যস্ত হয় যে, সেই ব্যক্তি আখিরাতে সুপারিশকারী হবেন তবুও। তাই এভাবে বলা জায়েয নেই যে, ইয়া রাসূলুল্লাহ্‌! আপনি আমার জন্য সুপারিশ করুন। কিংবা হে আল্লাহ্‌র ফেরেশতারা! তোমরা আমার জন্য সুপারিশ করিও; অথচ ফেরেশতারা ও নবীরা কিয়ামতের দিন সুপারিশ করবেন। কেননা শাফায়াত চাইতে হবে এর সময়মত; যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জীবিত ও উপস্থিত থাকবেন। লোকেরা তাঁর কাছে এসে তাকে বলবে: আমাদের জন্য আপনার প্রভুর কাছে সুপারিশ করুন; যেমনটি শাফায়াতের প্রসিদ্ধ হাদিসে উদ্ধৃত হয়েছে।

এখন শাফায়াত চাওয়াটা হবে অনুপস্থিত ব্যক্তির কাছে শাফায়াত চাওয়া; যা তার কাছে চাওয়ার অনুমতি দেয়া হয়নি। তাই এটি হারাম হবে এবং গায়রুল্লাহ্‌ (আল্লাহ্‌ ব্যতীত অন্য সত্তা)-এর কাছে প্রার্থনা করা ও দোয়া করার অন্তর্ভুক্ত হবে।

এ কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মৃত্যুর পর কোন সাহাবী তাঁর কাছে শাফায়াত প্রার্থনা করেছেন মর্মে বর্ণিত হয়নি।

কোন মৃতব্যক্তরি কাছ: 'আমার জন্য আল্লাহ্র কাছে দোয়া করুন' কংিবা 'আমার জন্য আপনার প্রভুর কাছে শাফায়াত করুন' বলে দোয়া করা কংিবা শাফায়াত চাওয়া কি শরি্ক হবে নাকি শরি্করে বাহন হবে এ ব্যাপারে মতভদে রয়ছে।

যদি সিরাসরি মৃতব্যক্তকিে এভাবে বলে যে: 'আমার বপিদ দূর করুন' কংিবা 'আমার প্রয়োজন পূরণ করুন' কংিবা 'আমাকে সাহায্য করুন' কংিবা 'শক্তবৃিদ্ধি করুন' তাহলে এটি সির্বসম্মতক্রিমে বড় শরি্ক।

দুই:

'হে রমযান! আমার জন্য সুপারশি করও' বলা জায়যে নয়; যদওি সাব্যস্ত হয়ছে যে, কয়িামতরে দনি রোযো রোযাদারদরে জন্য সুপারশি করব। কনেনা রমযান হল মাস। মাস সুপারশি করবে না। এবং যহেতেু সুপারশিকারীকে সম্বোধন করার ও তার কাছে সুপারশি চাওয়ার অনুমতি দিয়ো হয়নি। এবং যহেতেু এটি গায়রুল্লাহ্-এর কাছে প্রার্থনা করার অন্তর্ভুক্ত। আর গায়রুল্লাহ্র কাছে প্রার্থনা করার মূলবধিান হল হারাম।

শাইখ খালদে আল-মুশাইকহি (হাফযিাহুল্লাহ্)-কে জজ্ঞিসে করা হয়ছেলি:

আল্লাহ্ ব্যতীত অন্যরে কাছে শাফায়াত তলব করার হুকুম কী? এই খুদবোর্তাটরি হুকুমরে ব্যাপারে আমার কাছে খটকা লাগছ: হে রমযান! হে কারীম! আমার জন্য দয়াময় প্রভুর কাছে সুপারশি করও..."।

জবাবে তনিি বলনে: নঃিসন্দহে এটি বদিআত। জীবতি ও সক্ষম ব্যক্তরি কাছে শাফায়াত চাইতে কোন অসুবধিা নাই। যমেন কউে যদি বলে: আল্লাহ্র কাছে সুপারশি করুন যনে আমাকে মাফ করে দয়ে। অর্থাৎ আমার জন্য দোয়া করুন যাতে আল্লাহ্ আমাকে ক্ষমা করে দনে। এতে অসুবধিা নাই।

অপর ব্যক্তি থকেে দোয়া চাওয়া আলমেদরে মধ্যে মতভদেপূর্ণ বষিয়। কনি্তু শাইখুল ইসলাম ইবনে তাইময়িা বলছেনে: যদি দোয়াপ্রার্থী দোয়াকারী থকেে উপকৃত হওয়ার নয়িত করে থাকে তাহলে এটি জায়যে; ইনশাআল্লাহ্ এতে কোন অসুবধিা নাই।

পক্ষান্তর, মৃত ব্যক্তদিরে কাছে তারা আল্লাহ্র কাছে সুপারশি করার জন্য চাওয়া—এটি নঃিসন্দহে হারাম ও নাজায়যে।

কোন কোন আলমে এটাকে বড় শরি্করে অন্তর্ভুক্ত করছেনে, আর কোন কোন আলমে এটাকে ছোট শরি্করে অন্তর্ভুক্ত করছেনে।

রমযানরে কাছে শাফায়াত তলব করা হারাম এবং দোয়ার ক্ষত্রেে সীমালঙ্ঘন। কনেনা রমযান সুপারশি করবে না। বরঞ্চ রমযান হল মাধ্যম; যাতে করে একজন মুসলমি রমযান মাসে তার প্রভুকে ভয় কর। এ ভয় বান্দাকে আল্লাহ্র নকৈট্য হাছলি করয়িে দয়ে; যদি সে আল্লাহ্র নর্দিশেে পালন করে ও নষিধে থকেে বরিত থাক। আল্লাহ্ই তাওফকিদাতা। লংিক দয়ো ওয়বেসাইট থকেে সমাপ্ত:

পক্ষান্তরে, বাহ্যতঃ যা বুঝা যায় ‘হে রমযান! তুমি সাক্ষী থাক’ এর মধ্যে প্রকৃতপক্ষে কোন চাওয়া নাই। তবে এমন কথা পরিহার করাই উত্তম।

আল্লাহ্ই সর্বজ্ঞ।